

স্থগিত আলিম পরীক্ষার রুটিন প্রকাশ

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

চলমান আলিমের স্থগিত হওয়া পরীক্ষার রুটিন প্রকাশ করা
হয়েছে।

বুধবার (২৩ জুলাই) মাদরাসা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক
প্রফেসর ড. মোহাম্মদ কামরুল আহসানের সহী করা রুটিন প্রকাশ
করা হয়।

এর আগে মাইলস্টোন স্কুল ভবনে বিমানবাহিনীর বিমান বিধ্বন্তে
বহু হতাহতের ঘটনায় ২টি পরীক্ষা স্থগিত করা হয়। তারও আগে
গোপালগঞ্জে এনসিপির সমাবেশে হামলা (শুধু গোপালগঞ্জ
জেলায়) ও কুমিল্লা অঞ্চলে বন্যার (শুধু কুমিল্লা বোর্ড) কারণে
আলিম পরীক্ষা স্থগিত করা হয়।

নতুন রুটিন অনুযায়ী, ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষা ১০ জুলাই

(বৃহস্পতিবার)-এর স্থলে ১৪ আগস্ট (বৃহস্পতিবার) অনুষ্ঠিত হবে।

আরবি দ্বিতীয় পত্র পরীক্ষা ১৫ জুলাই (মঙ্গলবার)-এর স্থলে ১৩

আগস্ট (বুধবার) অনুষ্ঠিত হবে (শুধু গোপালগঞ্জ জেলার জন্য

প্রযোজ্য)। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরীক্ষা ২২ জুলাই

(মঙ্গলবার)-এর স্থলে ১৭ আগস্ট (রবিবার) এবং বালাগত ও

মানতিক (সাধারণ বিভাগ), পদার্থবিজ্ঞান প্রথম পত্র (তত্ত্বীয়),

তাজবীদ প্রথম পত্র (মুজাফিদ মাহির বিভাগ)-এর পরীক্ষা ২৪

জুলাই (বৃহস্পতিবার)-এর স্থলে ১৯ আগস্ট (মঙ্গলবার) অনুষ্ঠিত

হবে।

ব্যাবহারিক পরীক্ষাসমূহ ২১ থেকে ৩১ আগস্ট পর্যন্ত অনুষ্ঠিত হবে

বলে রুটিনে বলা হয়।